

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশসরকারীকর্মকমিশনসচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

৪৩তম বি.সি.এস. পরীক্ষার  
প্রতিবন্ধী প্রার্থীদের জন্য  
শুতিলেখক প্রদান

নম্বর: ৮০.০০.০০০০.২০০.৭৩.০৮৮.২১-৩৫৩

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯.১০.২০২১ তারিখে ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থীর শুতিলেখক প্রয়োজন তাদের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে শুতিলেখক নিয়োগ দেয়া হবে। শুতিলেখকের চাহিদা জানিয়ে আগামী ০৯.০৯.২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা এর দফতরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- অনলাইন আবেদনপত্রের (BPS Form-1) কপি এবং Ad.nit Card;
- প্রার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- শুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী পরিচয়পত্রের সত্যায়িত কপি।

২.০ বিশেষভাবে উল্লেখ্য, বর্ণিত কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে (০৯.০৯.২০২১) অফিস চলাকালীন শুতিলেখকের জন্য আবেদন না করলে শুতিলেখক নিয়োগ করা হবে না।

৩.০ শুতিলেখকের জন্য আবেদনকারী প্রার্থীকে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে প্রদত্ত অনুমোদিত শুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২৩/০৮/২০২১

নূর আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

[যুগ্মসচিব]

ফোন: ৫৫০০৬৬৪৪

ফ্যাক্স: ০২-৫৫০০৬৬৫৩

E-mail: e\_cc@bpsc.gov.bd

নম্বর: ৮০.০০.০০০০.২০০.৭৩.০৮৮.২১-৩৫৩

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট ২০২১

অনুলিপি [জ্ঞাতার্থে/কার্যার্থে]

- প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর [পি.আই.ডি.], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা হলো]
- মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হলো]
- বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।  
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো]
- বার্তা সম্পাদক,.....  
[বিষয়টি আপনার চ্যানেলস্ক্রল নিউজ হিসেবে প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।  
[প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করতে অনুরোধ করা হলো]
- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।  
[প্রেস বিজ্ঞপ্তি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের এবং টিভি চ্যানেলসমূহে স্ক্রল নিউজ হিসেবে প্রচার করার ব্যবস্থা করতে অনুরোধ করা হলো]

২৩/০৮/২০২১

নূর আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

[যুগ্মসচিব]